



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৬২৪/মুসী/ ৩০১১

তারিখ : ০৪ - ০৩ - ২০২০

বিষয় : বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অতিরিক্ত ফি ও কোচিং ফি ফেরত দেয়া প্রসঙ্গে।

- সূত্র : (১) বোর্ডের ১৪/০১/২০২০ তারিখের ২০৫৭ নং পত্র।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের ২৭/০১/২০২০ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৯.১৭-৬০।
(৩) বোর্ডের ২৯/০১/২০২০ তারিখের ২১৩২ নং পত্র।
(৪) শিক্ষা মন্ত্রণালয়ের ০৫/০২/২০২০ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৯.১৭-৮২।
(৫) বোর্ডের ০৬/০২/২০২০ তারিখের ২২৬৮ নং পত্র।
(৬) বোর্ডের ১৫/০৯/২০২০ তারিখের ২৮৩২ নং পত্র।
(৭) জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ-এর ২২/০৯/২০২০ তারিখের ১৩৭ নং তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিকট হতে বিধি বহির্ভূতভাবে অতিরিক্ত ফি ও কোচিং ফি আদায় করা বিধিসম্মত হয়নি মর্মে জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ-এর তদন্ত প্রতিবেদনে প্রতীয়মান হয়েছে। এমতাবস্থায়, বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অর্থ সংশ্লিষ্টদের ফেরত দিয়ে পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশ দেয়া হলো।

২। জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ-এর তদন্ত প্রতিবেদন অনুযায়ী বিদ্যালয়ের নামে বেদখলে থাকা জমিগুলো উদ্ধারের বিষয়ে স্থানীয় প্রশাসনের সহযোগিতা নেয়ার মরামর্শ দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক
রুসদী উচ্চ বিদ্যালয়
পোঃ- রুসদী, উপজেলা- শ্রীনগর
জেলা- মুন্সীগঞ্জ।

মেমো নং- ৩০১১ (৪)

তারিখ : ০৪ - ০৩ - ২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ২। জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ।
- ৩। সভাপতি, ম্যানেজিং কমিটি, রুসদী উচ্চ বিদ্যালয়।
- ৪। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

০৩.১১.২০২০